

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা
প্রশাসন অনুবিভাগ

স্মারক নং-০৫.০১.২৬৭২.১৩০.০৭.৬৭৯.১৬- ৬৬০

তারিখঃ ০২/১২/২০১৬

বিষয়ঃ কম্পিউটার/ কম্পিউটার সামগ্রী সংগ্রহ ও সংরক্ষণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কম্পিউটার/কম্পিউটার সামগ্রী বিতরণ ও ব্যবস্থাপনার জন্য একটি কম্পিউটার সেন্টার রয়েছে যা একজন সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব) এর তত্ত্বাবধানে কয়েকজন প্রোগ্রামার, সহকারি প্রোগ্রামার এবং এ বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন ব্যক্তিদের দ্বারা পরিচালিত হচ্ছে। তথ্যপ্রযুক্তির উন্নয়নের সাথে কেন্দ্রকে সম্পৃক্ত করতে কেন্দ্রের সমগ্র অফিস এলাকা ইতোমধ্যে wi-fi নেটওয়ার্ক এর আওতায় আনা হয়েছে, প্রয়োজনীয় সংখ্যক ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার ইত্যাদি ক্রয় করে কর্মকর্তা ও শাখা পর্যায়ে বিতরণ করা হয়েছে। পূর্বের ক্রয়কৃত কম্পিউটার হার্ডওয়্যার সামগ্রী কম্পিউটার সেন্টার এর মাধ্যমে বিতরণ করা হয়েছে এবং প্রয়োজনে মেরামত কার্যক্রমও কম্পিউটার সেন্টার এর মাধ্যমে করা হচ্ছে।

২। সম্প্রতি বিভিন্ন শাখা হতে কম্পিউটার/কম্পিউটার সামগ্রীর চাহিদা প্রশাসন অনুবিভাগে প্রেরণ করা হচ্ছে। কম্পিউটার/কম্পিউটার সামগ্রী দীর্ঘস্থায়ী ও মেরামতযোগ্য বিধায় এগুলো কেন্দ্রের স্টোর হতে সরাসরি সরবরাহ করা হলে তা মেরামতসহ সার্বিক ব্যবস্থাপনায় সমস্যা সৃষ্টি হবে। পূর্বের ক্রয়কৃত/বিতরণকৃত কম্পিউটার/কম্পিউটার সামগ্রী মেরামতযোগ্য হলে তা মেরামত না করে অথবা প্রশাসন অনুবিভাগের মাধ্যমে সরাসরি নতুন কম্পিউটার সামগ্রী ক্রয় করে কর্মকর্তা/শাখার অনুকূলে বিতরণ করা হলে পূর্বের ক্রয়কৃত/বিতরণকৃত কেন্দ্রের প্রায় ৪/৫ শত ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার সামগ্রীর সাথে তা সমন্বয় করা সম্ভব হবে না। এর ফলে সরকারি সম্পদের অপচয় হবে।

৩। এমতাবস্থায়, কেন্দ্রের কম্পিউটার/কম্পিউটার সামগ্রীর সুষ্ঠু ব্যবস্থাপনার সুবিধার্থে সকল কর্মকর্তা/অনুবিভাগ/শাখা হতে কম্পিউটার/কম্পিউটার সামগ্রীর চাহিদা কম্পিউটার সেন্টারে প্রেরণপূর্বক পূর্বের গ্রহণকৃত কম্পিউটার/কম্পিউটার সামগ্রীর সাথে সমন্বয় করে সেখান হতে তা সংগ্রহ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ আঃ রাজ্জাক সরকার)
পরিচালক (প্রশাসন)
বিপিএটিসি, সাভার, ঢাকা

- ১। এমডিএস (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ২। পরিচালক (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব), বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (সেবা/অর্থ), বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ৫। পিএস টু রেজিস্টার, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেজিস্টার মহোদয়ের সদয় অবগতির জন্য)।